

■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৫৭৯১

৭৭/ পোশাক (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ৭৭/৫. যে ব্যক্তি অহংকারের সাথে কাপড় ঝুলিয়ে পরিধান করে।

بَابِ مَنْ جَرَّ ثَوْبَه المِنْ الْخُيلاءِ

আরবী

مَطَرُ بْنُ الْفَضْلِ حَدَّثَنَا شَبَابَةُ حَدَّثَنَا شُعْبَةُ قَالَ لَقِيتُ مُحَارِبَ بْنَ دِثَارٍ عَلَى فَرَسٍ وَهُوَ يَا ثُنِي مَكَانَهُ الَّذِي يَقْضِي فِيهِ فَسَأَلْتُه "عَنْ هٰذَا الْحَدِيثِ فَحَدَّثَنِي فَقَالَ سَمِعْتُ عَبْدَ اللهِ بْنَ عُمَرَ يَقُوْلُ قَالَ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم مَنْ جَرَّ ثَوْبَه " مَخِيلَةً لَمْ يَنْظُرْ اللهُ إِلَيْهِ عُمَرَ يَقُولُ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم مَنْ جَرَّ ثَوْبَه " مَخِيلَةً لَمْ يَنْظُرْ اللهُ إِلَيْهِ يَوْمَ الْقِيَامَةِ فَقُلْتُ لِمُحَارِبِ أَذَكَرَ إِزَارَه " قَالَ مَا خَصَّ إِزَارًا وَلاَ قَمِيصًا تَابَعَه " جَبَلَةُ بْنُ سُحُيْمٍ وَزَيْدُ بْنُ أَسْلَمَ وَزَيْدُ بْنُ عَبْدِ اللهِ عَنْ ابْنِ عُمَرَ عَنْ النّبِيّ صلى الله عليه وسلم. وقَالَ اللّيْثُ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ مِثْلَه " وَتَابَعَه " مُوسلبنُ عُقْبَةَ وَعُمَرُ بْنُ مُحَمَّدٍ وَقُدَامَةُ بْنُ مُوسلي عَنْ سَالِم عَنْ ابْنِ عُمَرَ عَنْ النّبِيّ صلى الله عليه وسلم مَنْ جَرَّ ثَوْبَهُ.

বাংলা

৫৭৯১. শু'বাহ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি মুহারিব ইবনু দিসারের সাথে ঘোড়ার পিঠে থাকা অবস্থায় দেখা করলাম। তখন তিনি বিচারালয়ের দিকে যাচ্ছিলেন, আমি তাঁকে এ হাদীসটির ব্যাপারে জিজ্ঞেস করলে তিনি আমাকে বললেন, আমি 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ)-কে বলতে শুনেছি, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি অহঙ্কারবশতঃ কাপড় ঝুলিয়ে পরবে, তার দিকে আল্লাহ কিয়ামাত (কিয়ামত) দিবসে তাকাবেন না। আমি বললামঃ 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) কি ইযারের উল্লেখ করেছেন? তিনি বললেনঃ তিনি ইযার বা কামিস কোনটিই নির্দিষ্টভাবে বলেননি।

জাবালাহ ইবনু সুহায়ম, যায়দ ইবনু আসলাম ও যায়দ ইবনু 'আবদুল্লাহ ইবনু 'উমারের সূত্রে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম থেকে এ রকমই বর্ণনা করেছেন।

আর লায়স, মূসা ইবনু 'উকবাহ ও 'উমার ইবনু মুহাম্মাদ, নাফি' (রহ.)-এর সূত্রে বর্ণনা করেছেন এবং কুদামাহ ইবনু মূসা সালিম (রহ.)-এর সূত্রে ইবনু 'উমার থেকে এবং তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে হুঁট "বর্ণনা করেছেন। (আধুনিক প্রকাশনী- ৫৩৬৭, ইসলামিক ফাউন্ডেশন- ৫২৬৩)



English

Narrated `Abdullah bin `Umar:

Allah's Messenger () said, "Whoever drags his clothes (on the ground) out of pride and arrogance, Allah will not look at him on the Day of Resurrection."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ শু'বা (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন